

পর্যবেক্ষণ প্রতিবেশী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
পুরাতন সংসদ ভবন, ঢেজগাঁও, ঢাকা-১২২৫  
ওয়েবসাইট: [www.pmo.gov.bd](http://www.pmo.gov.bd)

বিজ্ঞপ্তি

পত্র সংখ্যা- ০৩.০৭৪.০৩৭.০০.০০.০০১.২০১৭- ৪১৮

২৪ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ  
০৯ আগস্ট ১৪২৫ বঙ্গাব্দ

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের আর্থ-সামাজিক উন্নয়ন এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিকাশের লক্ষ্যে পিএইচডি প্রোগ্রাম বিস্তৃত করার উদ্যোগ গ্রহণ করেন। গবেষকদের জন্য গবেষণা ও জাতীয় চাহিদার ভিত্তিতে উন্নয়ন কার্যক্রমে অংশ গ্রহণের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী “প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল” গঠন করা হয়। এ তহবিল থেকে প্রতি বছর গবেষকদের বৃত্তি প্রদান করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় ২০১৭ সালের জন্য বৃত্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে।

২। প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল নীতিমালার আওতায় ২০১৭ সালের বৃত্তি প্রদানের উদ্দেশ্যে দেশের অভ্যন্তরে অবস্থিত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানসমূহে নিম্নোক্ত বিষয়ে পিএইচডি ডিগ্রী অর্জনের লক্ষ্যে বাংলাদেশের মানবিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

- ক. অর্থনীতি/সামাজিক বিজ্ঞান;
- খ. জীব, ফার্মেসী ও চিকিৎসা বিজ্ঞান ও কম্পিউটিং মেডিসিন;
- গ. তোত বিজ্ঞান, প্রকৌশল ও কম্পিউটার বিজ্ঞান;
- ঘ. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
- ঙ. খাদ্য, কৃষি ও সমুদ্র বিজ্ঞান;
- চ. কলা, মানবিক, বাণিজ্য ও আইন;
- ছ. জলবায়ু ও পরিবেশ বিজ্ঞান।

০৩। পিএইচডি ডিগ্রী অর্জনের লক্ষ্যে আবেদনকারীকে শিক্ষার সকল স্তরে ১ম বিভাগ/শ্রেণীতে উন্নীত হতে হবে। আবেদনকারীকে স্ব উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব নীতি ও পদ্ধতি অনুযায়ী ভর্তি থাকতে হবে বা ভর্তির জন্য নিশ্চয়তা পত্র (Letter of Acceptance) সংগ্রহ করতে হবে। ২০১৬ সাল থেকে শুরু হয়েছে এমন কোর্সে ভর্তি হয়েছেন বা ভর্তির নিশ্চয়তা পেয়েছেন এমন পিএইচডি কোর্সের গবেষকগণই কেবল মাত্র বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

০৪। সরকারি/আধাসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষকে অবহিত রেখে আবেদন করতে হবে। প্রার্থীর বয়সসীমা অনুর্ধ্ব ৩৫ বছর তবে চাকুরীর প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪৫ বছর পর্যন্ত শিখিলয়েগো।

০৫। মোট বৃত্তির সংখ্যা ১০ (দশ) টি। তিনি বছরের জন্য নিম্নোক্ত হারে বৃত্তি প্রদান করা হবে :

- ক. ১ম বছর প্রতি মাসে ১৩,০০০.০০ টাকা;
- খ. ২য় বছর প্রতি মাসে ১৪,০০০.০০ টাকা;
- গ. ৩য় বছর প্রতি মাসে ১৫,০০০.০০ টাকা।

০৬। বিশেষ ক্ষেত্রে গবেষণার মেয়াদ সর্বোচ্চ ০৪ বছর পর্যন্ত বৃক্ষি করা হলেও বৃত্তির মেয়াদ ০৩ বছরেই সীমাবদ্ধ থাকবে। উপাস্ত সংগ্রহ, বইগুপ্তস্তুক দ্রুত ও Thesis মুদ্রণ/কম্পিউটার কম্পেজের জন্য প্রত্যেক গবেষককে সর্বোচ্চ এককালীন ৮০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা অনুদান প্রদান করা হবে। গবেষণা তত্ত্ববিদ্যাকরণে গবেষণা কার্য সমাপ্তির পর এককালীন সম্মানী বাবদ ৮০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা প্রদান করা হবে। একাধিক তত্ত্ববিদ্যাকরণে ক্ষেত্রে এককালীন সম্মানী ভাত্তা ৬০:৪০ হারে ভাগ করে প্রদান করা হবে।

০৭। আবেদনপত্রের ফরম ও এতদসংক্রান্ত নীতিমালা সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রের, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, বাংলাদেশ কৃষি গবেষণা ইনসিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউট, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, আগবিক শক্তি কমিশন, বিসিএসআইআর, বিআইডিএস, বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল, ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয় (DUET), চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় (CUET), খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয় (KUET) এবং রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয় (RUET) এর রেজিস্ট্রের কার্যালয় হতে সংরক্ষিত করা যাবে। এছাড়াও প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েবসাইট [www.pmo.gov.bd](http://www.pmo.gov.bd) হতে আবেদনপত্রের ফরম ডাউনলোড করা যাবে।

০৮। আবেদনকারীকে সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগাযোগী প্রমাণপত্র ও মার্কশীটসমূহের সত্যায়িত কপিসহ আবেদনপত্র রেজিস্ট্রি কৃত ডাকযোগে ১৮/১০/২০১৮ খ্রি। তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌছাতে হবে। শিক্ষাগত যোগাযোগী প্রমাণিকফেট ও মার্কশীটসমূহ সাক্ষাৎকারে প্রদর্শন করতে হবে।

৪১৮  
(আল মামুন খান)  
পরিচালক -৭  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
ফোনঃ ৫৫০২৯৪২৭  
E-mail: dir7@pmo.gov.bd

স্মারক নং- খুপ্রিয়শিক্ষা/১৬০/২৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

তারিখঃ ০২/১০/২০১৮ইং